মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web: www.dinajpureducationboard.gov.bd, email : dinajpureducationboard@gmail.com

স্মারক নং- মাউশিবোদি/কলেজ/অনু:/২০২৩/ ০৯ তারিখ: ২১/০৫/২০২৩খ্রি.

বিষয় : রংপুর জেলার পীরগাছা উপজেলাধীন "গোলাম রহমান কলেজ"-এর উচ্চ মাধ্যমিক পর্যায়ে স্থাপনের অনুমতি প্রসঙ্গে।

সূত্র : (১) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর-এর ০৯/০৫/২০২৩ তারিখের মঞ্জুরী কমিটির ১ম সভার সিদ্ধান্ত নং-০১
(২) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর-এর ১৪/০৫/২০২৩ তারিখের ৪২ তম বোর্ড সভা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার পীরগাছা উপজেলাধীন "গোলাম রহমান কলেজ"- এর 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক) স্থাপন,পাঠদান ও একাডেমিক স্বীকৃতি প্রদান নীতিমালা-২০২২' অনুযায়ী নিম্নোক্ত শর্তসাপেক্ষে উচ্চ মাধ্যমিক কলেজ স্থাপনের অনুমতি প্রদান করা হলো।

শর্ত সমূহ :

১। পাঠদানের অনুমতি চাওয়ার পূর্বেই অধ্যক্ষসহ প্রয়োজনীয় প্রশাসনিক জনবল নিয়োগ, জমি ক্রয় এবং অবকাঠামো নির্মাণসহ প্রয়োজনীয় শিক্ষা উপকরণ সংগ্রহ/তৈরী করতে হবে;

২। ব্যক্তির নামে কলেজ নামকরণের ক্ষেত্রে 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক) স্থাপন,পাঠদান ও একাডেমিক স্বীকৃতি প্রদান নীতিমালা-২০২২' অনুযায়ী ৫০,০০,০০০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকা সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসার ও অধ্যক্ষের যৌথ স্বাক্ষরে ব্যাংকে জমা প্রদান করে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রামাণক জমা প্রদান করতে হবে;

৩। কলেজ প্রতিষ্ঠা ও পরিচালনার সাথে সরকারের কোন আর্থিক সংশ্লেষণ থাকবে না;

৪। কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে এবং

৫। বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

(মোঃ আবু সায়েম)
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

অধ্যক্ষ/প্রতিষ্ঠাতা
গোলাম রহমান কলেজ
ডাকঘর : তাম্বুলপুর, উপজেলা : পীরগাছা,
জেলা : রংপুর।

স্মারক নং- মাউশিবোদি/কলেজ/অনু:/২০২৩/ ০৯ তারিখ: ২১/০৫/২০২৩খ্রি.

অবগতি এবং প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩। মহাপরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, সোনারগাঁও রোড (পলাশী নীলক্ষেত), ঢাকা-১২০৫।
৪। জেলা প্রশাসক, রংপুর।
৫। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
৬। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর
৭। উপজেলা নির্বাহী অফিসার, পীরগাছা, রংপুর।
৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
৯। জেলা শিক্ষা অফিসার, রংপুর।
১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পীরগাছা, রংপুর।
১১। পি. এস. টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
১২। ওয়েব সাইট কপি।
১৩। অফিস কপি।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

(মোঃ আবু সায়েম)
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

Data\Collage-a4-mamun-sir